

৫৬

কৃষি বিশ্ববিদ্যালয়ের খবর

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-সিংহ), ১৬ই জানুয়ারি (নিজস্ব সংবাদ-দাতা)।- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ডঃ মুহাম্মদ হোসেনকে সংবর্ধনা দিয়েছে।

গত ৫ই জানুয়ারি শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডঃ শহীদুল্লাহ তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ মুহাম্মদ হোসেন। সংবর্ধনা সভায় বক্তব্য রাখেন কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ডঃ শাহ-ই-আলম, অধ্যাপক ডঃ মনসুরুল আমিন, অধ্যাপক আশরাফ-উজ্জামান সেলিম, অধ্যাপক ডঃ হাসান আশরাফউজ্জামান, অধ্যাপক ডঃ তহমিনুল ইসলাম প্রমুখ।

নতুন প্রক্টরের দায়িত্ব গ্রহণ

কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন প্রক্টর হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন ভেটেরিনারি অনুষদের অধ্যাপক ডঃ মোঃ আবদুল আউয়াল। ২৬শে ডিসেম্বর (১৯৯৬) 'সংবাদ'-এর চিঠিপত্র বিতানে 'বঙ্গবন্ধু হত্যাকাণ্ড : বাকুবি'র একজন শিক্ষক জানতেন' শিরোনামে চিঠি প্রকাশিত হবার পর সিআইডি পুলিশ ৩০শে ডিসেম্বর (১৯৯৬) প্রক্টর অধ্যাপক ডঃ বোরহানউদ্দিনকে জিজ্ঞাসাবাদ করে। 'বিশ্ববিদ্যালয়ের নিয়ম বহির্ভূতভাবে প্রক্টরকে জিজ্ঞাসাবাদ প্রক্টরের মর্যাদাহানিকর' উল্লেখ করে অধ্যাপক ডঃ বোরহানউদ্দিন ১লা জানুয়ারি কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট পদত্যাগপত্র দিলে পদটি শূন্য হয়ে যায়। নতুন প্রক্টর ডঃ আউয়াল কৃষি বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক ব্যক্তিত্ব হিসেবে পরিচিত।

উদীচী কার্যালয় ভাঙচুর

বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর বাকুবি শাখার কার্যালয় দক্ষতকারীরা ভাঙচুর করেছে। ১৯৯৫ সালে স্বাধীনতা

প্রথমবার এবং ১৯৯৬ সালে বিজয়ের রক্তজয়ন্তী উপলক্ষে 'ইতিহাস কথা কও' গীতিনাট্য মঞ্চস্থ করার পর ৩১শে ডিসেম্বর রাতে উদীচী কার্যালয় দ্বিতীয় দফায় ভাঙচুর হয়।

বিনাশাইল ধানের মাঠ দিবস অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটিটিউট (বিনা) উদ্ভাবিত উন্নতজাতের বিনাশাইল ধানের ওপর সম্প্রতি দুটো পৃথক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

ময়মনসিংহ সদর থানার সুহিলা ও গৌরিপুর থানার কলতাপাড়ায় অনুষ্ঠিত দুটো মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণ কেন্দ্র (বাউএক) পরিচালক অধ্যাপক ডঃ মোঃ মাহফুজুল হক। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাউএক-এর সহযোগী পরিচালক মোঃ আবদুস সোবাহান, ডঃ আলী আজম, ডঃ রইসুল হায়দার, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটিটিউটের বৈজ্ঞানিক কর্মকর্তা (তথ্য) কৃষি প্রকৌশলী নিয়াজ-উদ্দিন পাশা, আশরাফুল ইসলাম প্রমুখ।

কলতাপাড়ার কৃষক আজিম মন্ডল এবং সুহিলার (দাপুনিয়া) আঃ খালেদ তাদের জমিতে একই খরচে বিনাশাইল ধান উৎপাদন করে দেশীজাতের ধান অপেক্ষা শতকরা ৫০ ভাগ বেশি ফলন পেয়েছেন।

ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ছাত্রলীগ (শা-পা) কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে র্যালি ও সমাবেশের আয়োজন করে।

ছাত্রলীগের র্যালিশেষে ৪ঠা জানুয়ারি বিকেলে অনুষ্ঠিত ছাত্র সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগ কৃষি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আঃ সালাম, সাধারণ সম্পাদক মিহবাহউজ্জামান চন্দন, সহ-সভাপতি আরিফ জাহাঙ্গীর। বক্তারা ৯ই নভেম্বর, ১৯৯৬ কৃষি বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে নিহত দুই ছাত্রলীগ কর্মী কামাল ও রণজিতের খুনিদের শ্রেয়তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।